



বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা
www.shilpitrust.portal.gov.bd

স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৯৪

তারিখ ০৩ মাঘ ১৪৩০
১৭ জানুয়ারি ২০২৪


বিষয় : বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পী ও তাঁদের মেধাবী সন্তানকে বৃত্তি প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র 'বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট' এর পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের লক্ষ্যে শিল্পীকে এমফিল/পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি প্রদানের লক্ষ্যে শিল্পীদের নিকট হতে আবেদন আহ্বান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা করা হয়েছে, যা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট (www.shilpitrust.portal.gov.bd) এর ওয়েবসাইটে প্রচার করা হয়েছে (বিজ্ঞপ্তি ও ফরমের কপি সংযুক্ত)। আবেদনের জন্য পৃথক দু'টি ফরম মন্ত্রণালয় ও ট্রাস্টের ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বাংলাদেশ শিল্পী কল্যাণ বিধিমালা, ২০২০ এর বিধি-৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) অনুযায়ী আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক ঢাকা মহানগরী ব্যতীত অন্যান্য মহানগরী এবং জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আগামী ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে পৌঁছানোর জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। একই বিধিমালার ৫(৩) উপ-বিধিতে উল্লেখ আছে:

“জেলা প্রশাসক বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) এর অধীন প্রাপ্ত আবেদন ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবেন।”

০২। বর্ণিতব্যস্থায়, প্রাপ্ত আবেদনসমূহ আগামী ১০ মার্চ ২০২৪ তারিখের পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা এই ঠিকানায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।


১৭/০১/২০২৪

অসীম কুমার দে
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ফোন : ০২৪৪৬১০১১২

প্রাপক:

জেলা প্রশাসক (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ৪। প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।